

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৮১৫

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যাকরান রঙে রঞ্জন এবং যাকরান ও অন্যান্য সুগন্ধ দ্রব্য মিশ্রিত প্রসাধনীর ব্যবহার পুরুষদের জন্য নিষেধ।

بَابُ مَا جَاءَ فِي كَرَاهِيَةِ التَّزَعْفُرِ وَالْخُلُوقِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، قَالَ ح وَحَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، عَنْ حَمَّادِ بْنِ زَيْدٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ التَّزَعْفُرِ لِلرِّجَالِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

وَرَوَى شُعْبَةُ، هَذَا الْحَدِيثَ عَنْ إِسْمَاعِيلَ ابْنِ عَلِيَّةَ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ، عَنْ أَنَسِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ التَّزَعْفُرِ . حَدَّثَنَا بِذَلِكَ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ حَدَّثَنَا آدَمُ عَنْ شُعْبَةَ . قَالَ أَبُو عِيسَى وَمَعْنَى كَرَاهِيَةِ التَّزَعْفُرِ لِلرِّجَالِ أَنْ يَتَزَعْفَرَ الرَّجُلُ يَعْني أَنْ يَتَطَيَّبَ بِهِ .

বাংলা

২৮১৫. কুতায়বা (রহঃ) ও ইসহাক ইবন মনসূর (রহঃ) আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুরুষদের জন্য জাকরান রঙে রঞ্জিত পোষাক তৈরী করতে নিষেধ করেছেন।

সহীহ, বুখারি ৫৮৪৬, মুসলিম ৬/১৫৫, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮১৫ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। শু'বা (রহঃ) এ হাদীসটিকে ইসমাঈল ইবন উলায়্যা-আবদুল আযীয ইবন সুহায়ব-আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাকরান রঙে রঞ্জিত পোষাক তৈরী করতে নিষেধ করেছেন। আবদুল্লাহ ইবন আবদুর রহমান (রহঃ) শু'বা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উক্ত হাদীসটির মর্ম হল পুরুষদের জন্য জাকরানের রং মাখা নিষেধ।

English

Narrated Anas bin Malik:
that the Messenger of Allah (ﷺ) prohibited saffron for men.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38167>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন